# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

জিঞ্জিরা,কেরাণীগঞ্জ, ঢাকা-১৩১০।
Web: pbs4.dhaka.gov.bd
Email: dhakapbs4@gmail.com

স্মারক নং-২৭.১২.২৬৩৮.৫৮০.০২.০০৮.২৫. ৫৭১২

তারিখঃ ১৬ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ
০১ ডিসেম্বর, ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এ নিম্নবর্নিত শূন্য পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্ত প্রকৃত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত প্রতিপালন সাপেক্ষে জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ বরাবর আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র: নং | পদের নাম ও পদের সংখ্যা | বেতন ও অন্যান্য ভাতা | বয়স সীমা | প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | **ড্রাইভার (পুরুষ)**<br>০২ (দুই)টি (কম/বেশী হতে পারে | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত-২০২১) মোতাবেক ১৬,৬০০.০০ টাকা হতে ৪১,৯৫০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ২২/১২/২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়সসীমা ন্যূনতম ১৮ এবং অনুর্ধ্ব ৪৫ বছর। | ক) প্রার্থীকে সাবলীলভাবে বাংলা লেখা ও পড়া সহ ন্যূনতম ইংরেজী শব্দ ও সংখ্যা লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। নির্দেশিকা, সাংকেতিক চিহ্ন বুঝা এবং সময়সূচী পড়ার পর্যাপ্ত সামর্থ এবং লগ বই পূরণের সক্ষমতা থাকতে হবে।<br>খ) প্রার্থীর বিআরটিএ হতে প্রদত্ত বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে।<br>(গ) প্রার্থীকে যে কোন সরকারী /আধাসরকারী/ স্বায়ত্বশাসিত /বৃহৎ শিল্প প্রতিষ্ঠান/বানিজ্যিক প্রতিষ্ঠানে কমপক্ষে ০৫(পাঁচ) বৎসর গাড়ী চালনা ও পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে, **যা ড্রাইভিং লাইসেন্স ইস্যুর তারিখ হতে গণনা করা হবে**। যানবাহন চালনায় পারদর্শী হতে হবে।<br>(ঘ) বিগত ০৩ (তিন) বছরে বড় ধরণের কোন দূর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্র আবেদনের সাথে দাখিল করতে হবে।<br>(ঙ) প্রার্থীকে সৎ, বিশ্বস্ত, নম্র, সুস্বাস্থ্যের ও সন্তোষজনক ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।<br>(চ) বাপবিবোর্ড/পবিস কর্তৃপক্ষ লিখিত,ব্যবহারিক (ড্রাইভিং)ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। পরীক্ষায় ছোট ধরণের ইঞ্জিন রিপেয়ারিং, টিউন আপ ও সাধারণ রক্ষণাবেক্ষণ জ্ঞান সম্পর্কে যাচাই করা হবে।<br>(ছ) বাপবিবোর্ড/পবিসের অনুমোদিত ডাক্তার কর্তৃক প্রার্থীকে চোখের দৃষ্টি পরীক্ষাসহ স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ন হতে হবে। | ঢাকা জেলার কেরাণীগঞ্জ উপজেলা, মুন্সীগঞ্জ জেলার সিরাজদিখান উপজেলার বাসাইল ইউনিয়নের আংশিক আওতাভুক্ত গ্রাম- চর গলগলিয়া, ইসলামপুর, পলাশপুর, চরকুন্ডুলিয়া, লক্ষীরচর ও সিরাজদিখান উপজেলার বালুরচর ইউনিয়নের আংশিক আওতাভুক্ত গ্রাম- চরপানিয়া, খাসকান্দি, চান্দেরচর, চরখাসকান্দী, চরেরগাঁও, পাইনার চর, হাজি বাজার এবং মানিকগঞ্জ জেলার সিংগাইর উপজেলার চান্দহর ইউনিয়নের আংশিক আওতাভুক্ত গ্রাম- চরচামটা,আনন্দপুর ও সিংগাইর উপজেলার সিরাজপুর ইউনিয়নের আংশিক আওতাভুক্ত গ্রাম- চরআটিপাড়া এর স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই। |
| | **পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি** | | | | |
| ০২ | **কুক (বাবুর্চি)**<br>০১ (এক)টি (কম/বেশী হতে পারে | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত-২০২১) মোতাবেক ১৫,৫০০.০০ টাকা হতে ৩৯,১৭০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ২২/১২/২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর ন্যূনতম বয়স ১৮ ও সর্বোচ্চ ৩২ বছর। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি বা সমমান শিক্ষাগত যোগ্যতার সনদপত্র বিবেচিত হবে। | ক) এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ, মার্জিত ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।<br>(গ) প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(ঘ) যে কোনো স্বনামধন্য প্রতিষ্ঠানে বাবুর্চি হিসেবে ন্যূনতম চার বছরের অভিজ্ঞতা থাকতে হবে।<br>(ঙ) দেশীয় ও পশ্চিমা সব ধরনের খাবার রান্না করার দক্ষতা ও সক্ষমতা থাকতে হবে। | |
| ০৩ | **কেয়ার টেকার**<br>০১ (এক)টি (কম/বেশী হতে পারে) | পবিস বেতন কাঠামো ২০১৬ (সংশোধিত-২০২১) মোতাবেক ১৫,৫০০.০০ টাকা হতে ৩৯,১৭০.০০ টাকা এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রদেয়। | ২২/১২/২০২৫ খ্রিঃ তারিখে প্রার্থীর ন্যূনতম বয়স ১৮ ও সর্বোচ্চ বয়স ৩২ বছর। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি বা সমমান শিক্ষাগত যোগ্যতার সনদপত্র বিবেচিত হবে। | (ক) এস.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।<br>(খ) প্রার্থীকে অবশ্যই সৎ, বিশ্বস্ত, কর্মঠ, মার্জিত ব্যক্তিত্বের অধিকারী হতে হবে।<br>(গ) প্রার্থীকে সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(ঘ) যে কোনো স্বনামধন্য প্রতিষ্ঠানে তত্ত্বাবধায়ক বা হাউজ কিপিং হিসেবে ন্যূনতম চার বছরের অভিজ্ঞতা থাকতে হবে। | |

**শর্তাবলীঃ-**

১। উল্লিখিত যে কোন পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর ওয়েবসাইট **www.pbs4.dhaka.gov.bd** অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট www.reb.gov.bd হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং-পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) A-4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক (পুরণযোগ্য প্রবেশ পত্রসহ) স্বহস্তে যথাযথভাবে পূরণ করে আগামী ২২/১২/২০২৫ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন (বিকাল ৫:০০ ঘটিকা পর্যন্ত) সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪, জিঞ্জিরা, কেরানীগঞ্জ, ঢাকা-১৩১০ বরাবর **ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে**। নির্ধারিত ফরম ব্যতীত সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোন আবেদনপত্র গ্রহনযোগ্য নয়। সরাসরি হাতে হাতে কোনো আবেদন গ্রহনযোগ্য হবে না। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদন গ্রহণ করা হবে না।

২। প্রার্থীকে আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত (সুস্পষ্ট নাম, পদবী ও সীলযুক্ত) করে সংযুক্ত করতে হবে ঃ

ক) শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদপত্রের সত্যায়িত কপি (মার্কশীট/প্রশংসাপত্র গ্রহণযোগ্য নয়);

খ) অভিজ্ঞতা সনদপত্র।

গ) জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদ সত্যায়িত ফটোকপি;

ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/মেয়র বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র;

ঙ) সদ্য তোলা ০৩ (তিন) কপি রঙ্গিন পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

চ) প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

ছ) জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪-এর অনুকূলে যে কোন তফসিলি ব্যাংক হতে ১০০.০০ (একশত) টাকার পে অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।

জ) খামের উপর অবশ্যই বড় অক্ষরে প্রার্থীর পদের নাম ও নিজ জেলার নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩। প্রার্থীকে অবশ্যই ভদ্র ও প্রফুল্ল চিত্তে কাজ করার মানসিকতা থাকতে হবে। উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বছরের জন্য "অন প্রবেশনে" নিয়োগ প্রদান করা হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থী যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার চিকিৎসকের সুস্থতার স্বাস্থ্যগত সার্টিফিকেট Dope Test রিপোর্ট সহ (Dope Test ড্রাইভারের ক্ষেত্রে) দাখিল করতে হবে। অন-প্রবেশনকালে অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ ও ৩০০-৫১ মোতাবেক) শর্ত সাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন পরিধিতে নিয়মিত করা হবে।

৪। অসম্পূর্ণ আবেদনপত্র তথা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে বা স্বাক্ষর করা না হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যে কোন গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়ার অর্থাৎ লিখিত পরীক্ষার পূর্বেই বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সে ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

৫। প্রার্থী কর্তৃক তার শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা, পঠিত বিষয়, জন্ম তারিখ, বয়স, স্থায়ী ঠিকানা নিজ জেলাসহ আবেদন পত্রের প্রদত্ত অন্যান্য যে কোন তথ্য অসম্পূর্ণ বা অসত্য বা অসঙ্গতি প্রমানিত হলে তার প্রার্থীতা বাতিল করা হবে এবং এরূপ অসত্য ও উদ্দেশ্যমূলক তথ্য প্রদানের মাধ্যমে নিয়োগপ্রাপ্ত হলেও পরবর্তী যে কোন সময় বিষয়টি কর্তৃপক্ষের গোচরীভূত হলে তাকে চাকুরী হতে বিনা নোটিশে বরখাস্ত এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬। যদি কোন কর্মচারী কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত চাকুরী ছেড়ে চলে যান তবে তাকে বিধি অনুযায়ী চাকুরীচ্যুত করা হবে এবং বিষয়টি অত্র পবিসের ওয়েবসাইটে ছবিসহ প্রকাশ এবং সংশ্লিষ্ট কর্মচারীর নিজ জেলার পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা/ডিআইজি, শহর বিশেষ শাখাকে অবহিত করা হবে।

৭। কোটা প্রয়োগের ক্ষেত্রে বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ পর্যন্ত জনপ্রশাসন মন্ত্রনালয় কর্তৃক জারীকৃত কোটা পদ্ধতি অনুসরন করা হবে।

৮। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও সমিতির কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেউ অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কারো আবেদন করার প্রয়োজন নেই। এ সংক্রান্ত যে কোন তথ্যের সত্যতা প্রমাণিত হলে যে কোন সময়ে তার প্রার্থীতা বাতিল বা পরবর্তীতে চাকুরীচ্যুত করা হবে।

৯। প্রতারণা মুলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দেয়া হলে অথবা কোন তথ্য গোপন রাখলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। প্রার্থীর বসয় সীমা নির্ধারনের ক্ষেত্রে কোন এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।

১০। সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১১। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান এবং পরবর্তীতে ঐ সংক্রান্ত বিধি বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

১২। অন্য কোন সংস্থা অথবা কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। প্রতারণামূলক অথবা তথ্য গোপন করে নিয়োগ প্রাপ্ত হলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে কোন তদন্ত ব্যতিরেকেই তাৎক্ষনিকভাবে তাকে চাকুরীচ্যুত করা হবে এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে।

১৩। লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূল কপি দাখিল করতে হবে।

১৪। নিয়োগের ক্ষেত্রে পবিস সার্ভিস কোড, বাই-ল ও পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক সময় সময় জারীকৃত নীতিমালা এবং নির্দেশাবলী অনুসরণ করা হবে।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৬। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ ছাড়াও বিজ্ঞপ্তিতে উল্লেখ নেই এমন কোন উল্লেখযোগ্য তথ্য বাদ পড়ে থাকলে; সে ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

1.12.25
(মোঃ খালেদুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ সদয় অবগতি ও বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
০২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, ঢাকা।
০৩। পরিচালক, পবিস মানব সম্পদ ব্যবস্থাপনা/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ), বাপবিবো, ঢাকা।
০৪। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। | বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ---------পবিস-১/২/৩/৪।
০৬। একান্ত সচিব, চেয়ারম্যান, বাপবিবো, ঢাকা।
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা-------------------------কেরানীগঞ্জ, ঢাকা ।
০৮। ডিজিএম, সদর দপ্তর-কারিগরি/ হাসনাবাদ/কলাতিয়া/শুভাঢ্যা/আব্দুল্লাহপুর/আটিবাজার জোনাল অফিস, ঢাকা পবিস-৪।
০৯। এজিএম (প্রশাসন/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/ /ইএন্ডসি/ সদস্য সেবা/ ওএন্ডএম (সকল জোনাল, সাব-জোঃ অফিস) ঢাকা পবিস-৪
১০। এজিএম (আইটি), ঢাকা পবিস-৪ (অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হলো)।
১১। নোটিশ বোর্ড/অফিস কপি/মাষ্টার কপি।

1.12.25
(মোঃ খালেদুল ইসলাম)
জেনারেল ম্যানেজার

ফরম নং ঃ পমাসপ ১১০-০০২, ভার্সন-০১, তারিখ-২৯-০৪-২০১৫ খ্রিঃ।

০১ কপি ছবি আবেদন ফর্মের এই স্থানে আইকা/আঠাদিয়ে লাগিয়ে ছবির উপর প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তার নাম আইডি সম্বলিত সিল দ্বারা সত্যায়িত করতে হবে এবং ০১ কপি ছবি সত্যায়িত করে স্ট্যাপলার পিন দ্বারা আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪ এর

## ড্রাইভার/কুক/কেয়ার টেকার

পদে প্যানেলভূক্তি/ নিয়োগ লাভের জন্য আবেদন ফরম

**( সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে )**

জেনারেল ম্যানেজার
ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
জিঞ্জিরা, কেরাণীগঞ্জ, ঢাকা।

০১. নিয়োগ বিজ্ঞপ্তি নং ............................................. ০৩. পদের ধরণ ঃ স্থায়ী

০২. আবেদনকৃত পদের নাম
( বিজ্ঞপ্তিতে যে ভাবে উল্লেখ আছে )

.................................................... ....................................................

০৪. বিজ্ঞাপনের সূত্র / পত্রিকার নাম ০৫. প্রকাশনার তারিখ

............................................. ........................................ ........................................................

০৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়) বড় হাতের অক্ষরে (ইংরেজীতে ) ০৭. জন্ম তারিখ ( এসএসসি পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

...................................................... ........./........../........... (দিন/মাস/বছর)

০৮. মাতার নাম ০৯. বয়সঃ ২২/১২/২০২৫ খ্রিঃ তারিখে )

...................................................... ....................................................

১০. পিতার নাম ১১. ধর্ম

....................................................... ....................................................

১২. জাতীয়তা ১৩. নিজ জেলা

....................................................... ১৫. বৈবাহি অবস্থা (টিক (√) দিন)

| | বিবাহিত | | অবিবাহিত |
|---|---|---|---|

১৪. টেলিফোন / মুঠো ফোন নম্বর

১৬. কোন কোটায় সুবিধা প্রাপ্য (বক্সের ভিতর খালি অংশে টিক (√) দিন ) ঃ প্রযোজ্য ক্ষেত্রে

| | মহিলা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা | | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা | | এতিম ও শারীরিক প্রতিবন্ধি |
|---|---|---|---|---|---|---|---|

| | উপজাতি | | আনসার ও গ্রাম প্রতিরক্ষা | | অন্যান্য |
|---|---|---|---|---|---|

১৭. স্থায়ী ঠিকানা ঃ

.................................. ....................................... ................................. .................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা / থানা ঘ. জেলা

১৮. যে ঠিকানায় প্রার্থী প্রবেশ পত্র / নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুক ঃ

............................... ...................................... ................................ ................................

ক. গ্রাম/সড়ক/বাড়ী খ. ডাকঘর গ. উপজেলা / থানা ঘ. জেলা

১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে) ঃ

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ / বিভাগ / শ্রেণী | | সার্টিফিকেট / ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | জিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| ---------- শ্রেণী | | | | |
| এসএসসি / সমমান | | | | |
| এইচএসসি/সমমান | | | | |
| স্নাতক | | | | |

২০. অভিজ্ঞতার বিবরণ ( সনদ দ্বারা সমর্থিত হতে হবে ) ঃ

২১. প্রাক্তন ও বর্তমান চাকুরীর কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে) ঃ

| নিয়োগকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানা | চাকুরীর / পদের নাম ও বেতনক্রম | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |

২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দু'জন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত) ঃ

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন / মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) |
|---|
| ০১। |
| ০২। |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমানিত হয়, তাহলে বাপবিবোর্ড/ পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে বাপবিবো কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হয়ে যদি আমি মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হই, সেক্ষেত্রে মৌখিক পরীক্ষায় স্বাক্ষাৎকার প্রদানের সময় কর্তৃপক্ষের নিকট আমার সকল শিক্ষাগত যোগ্যতা, জাতীয়তা সনদ এবং অভিজ্ঞতা সনদ এর ০২ (দুই) সেট অবিকল প্রতিলিপি ১ ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পূর্বক সরবরাহ করতে এবং মূল সনদ সমূহ প্রদর্শণ করতে বাধ্য থাকবো।

..................................
তারিখ

..................................................
আবেদনকারীর স্বাক্ষর

বিঃ দ্রঃ- সরকারী / আধা-সরকারী / স্বায়ত্তশাসিত সংস্থায় বা পল্লী বিদ্যুৎ সমিতিতে কর্মরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
জিনজিরা, কেরাণীগঞ্জ, ঢাকা-১৩১০

০১কপি ছবি প্রবেশ পত্রের এই স্থানে আইকা/আঠাদিয়ে লাগিয়ে ছবির উপর প্রথম শ্রেনীর গেজেটেড কর্মকর্তার নাম আইডি সম্বলিত সিল দ্বারা সত্যায়িত করতে হবে।

# ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪

জিঞ্জিরা, কেরাণীগঞ্জ।

লিখিত (এমসিকিউ) / লিখিত (রচনামূলক) /মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার

## প্রবেশ পত্র

( অফিস কর্তৃক পূরণীয় )

প্রার্থীর রোল নম্বর ঃ ...............................................................................

পরীক্ষার তারিখ ঃ ...............................................................................

পরীক্ষার সময় ঃ ...............................................................................

পরীক্ষা কেন্দ্রের নাম ঃ ...............................................................................

পরীক্ষা কেন্দ্রের ঠিকানা ঃ ...............................................................................

নিয়োগকারী কর্তৃপক্ষ বা তার মনোনীত প্রতিনিধির স্বাক্ষর ঃ .............................................

(প্রার্থী / আবেদনকারী কর্তৃক পূরণীয় )

**পদের নাম ঃ ..........................................................................**

প্রার্থীর নাম ...................................................................................................

প্রার্থী যে ঠিকানায় প্রবেশ পত্র পেতে ইচ্ছুক ...............................................................

...................................................................................................................

...................................................................................................................

মোবাইল নং-----------------------------------------------

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
জিনজিরা, কেরাণীগঞ্জ, ঢাকা-১৩১০

## প্রার্থী /আবেদনকারীর প্রতি সাধারণ নির্দেশাবলী

০১। পরীক্ষার দিন অবশ্যই প্রবেশপত্রটি সাথে আনতে হবে। প্রবেশ পত্র ছাড়া পরীক্ষায় অংশ গ্রহণ করতে দেয়া হবে না।

০২। নির্ধারিত সময়ের অন্ততঃ ১৫ (পনের) মিনিট পূর্বে প্রার্থীকে আসন গ্রহণ করতে হবে। প্রশ্নপত্র দেয়ার ৩০ মিনিট পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষা কক্ষে / কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষা শেষ হওয়ার পূর্বে পরীক্ষা কক্ষ ত্যাগ করা যাবে না। কোন কারণে পরিদর্শকের অনুমতি নিয়ে একবার পরীক্ষা কক্ষ ত্যাগ করলে পুনরায় পরীক্ষা কক্ষে প্রবেশ করতে দেয়া হবে না।

০৩। উত্তরপত্র পূরণের জন্য বলপেন ব্যবহার করতে হবে। পেন্সিল ব্যবহার করা যাবে না।

০৪। পরীক্ষা কক্ষে কোন ব্যাগ, বই পত্র, লেখাযুক্ত বা সাদা কাগজ, মুঠো ফোন ও ক্যামেরা নিয়ে আসা সম্পূর্ণ নিষিদ্ধ। পরীক্ষার হলে কোন ধরনের ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।

০৫। চাকুরীর আবেদন পত্রের সঙ্গে মিল রেখে হাজিরা তালিকা, উত্তর পত্র এবং অন্যান্য কাগজ পত্রে পরীক্ষার্থীর স্বাক্ষর এক ও অভিন্ন হতে হবে।

০৬। পরীক্ষা শেষে পরীক্ষার্থীকে নিজ আসনে অবস্থান করে অবশ্যই প্রশ্নপত্রসহ উত্তরপত্রটি পরিদর্শকের নিকট জমা দিতে হবে।

০৭। উল্লিখিত নিয়মাবলী ভঙ্গ করলে অথবা পরীক্ষা কক্ষে কোনরূপ অশোভন আচরণ করলে কর্তব্যরত পরিদর্শক উক্ত পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্র থেকে বহিস্কার করতে পারবেন। ক্ষেত্রবিশেষে পরিদর্শক গোপনীয়ভাবে উক্ত পরীক্ষার্থীর রোল নম্বর বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃপক্ষের নিকট জমা দেবেন এবং কর্তৃপক্ষ কর্তৃক প্রয়োজন বোধে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

---------------------------

ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৪
জিনজিরা, কেরাণীগঞ্জ, ঢাকা-১৩১০